



ছবি- মুজাহিদুল ইসলাম ॥ প্রযুক্তির উৎকর্ষকতার যুগে কম্পিউটারের প্রতি মানুষের নির্ভরতা ও আগ্রহ দুটিই বৃদ্ধি পাচ্ছে

সগুহব্যাপী মেলায় আজ শেষ দিন

কম্পিউটার মেলায় মানুষের ঢল

স্টাফ রিপোর্টারঃ শেরে বাংলা নগরের বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত কম্পিউটার মেলাকে গতকাল ঠিক বোঝা যাচ্ছিল না এটি কম্পিউটার মেলা নাকি মানুষের মেলা। সাপ্তাহিক ছুটির দিনে গতকাল (শুক্রবার) সকাল থেকেই কম্পিউটার মেলায় দর্শকদের প্রচণ্ড ভিড় থাকলেও বিকেলে মেলা জনসমুদ্রে পরিণত হয়। মেলায় ঢোকানোর জন্য চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের গেটে দুপুরের পর থেকে রাত ৯টা অবধি প্রায় সারাক্ষণই দর্শকদের কোয়ার্টার কিলোমিটারেরও বেশী লাইন ধরে টিকিট সংগ্রহ ও ভেতরে ঢুকতে দেখা যায়। আর ভেতরে গায়ে গায়ে লাগা ভিড়ের অবস্থা এমন ছিল যে, আয়োজকরা বার বার মাইকে ঘোষণা করছিলেন দর্শকদের দ্রুত বেরিয়ে যেতে এবং নতুন দর্শকদের খানিক বিরতি দিয়ে দিয়ে ভেতরে আসতে।

সগুহব্যাপী কম্পিউটার মেলায় এবার ক্রেতা-দর্শকদের বিপুল সাড়া দেখে মেলা কর্তৃপক্ষ বাংলাদেশ কম্পিউটার সমিতি

কমপক্ষে আরো ২/৩ দিন মেলায় সময়সীমা বাড়ানোর চিন্তা-ভাবনা করলেও শেষ পর্যন্ত তা সম্ভব হচ্ছে না। আজই (শনিবার) এই মেলা শেষ হয়ে যাচ্ছে। তবে সকাল ১০টা থেকে রাত ৮টার পরিবর্তে রাত ১০টা পর্যন্ত মেলা চলবে। মেলায় সমাপনী অনুষ্ঠান হবে আজ রাত সাড়ে ৮টায়। এতে প্রধান অতিথি থাকবেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ মঈন খান এবং বিশেষ অতিথি এ্যামচেম সভাপতি আফতাবুল ইসলাম।

কম্পিউটার মেলায় সর্বশেষ প্রযুক্তির বিচিত্র ধরনের আকর্ষণীয় কম্পিউটার সামগ্রী হ্রাসকৃত মূল্যে বিক্রি ও প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে। এখানে একটি সম্পূর্ণ কম্পিউটার সর্বনিম্ন ২২ হাজার টাকা থেকে সর্বোচ্চ ২ লাখ টাকায় পাওয়া যাচ্ছে। তবে মেলায় পূর্ণাঙ্গ কম্পিউটারের চেয়ে কম্পিউটার সামগ্রী ও যন্ত্রাংশই বিক্রি হচ্ছে বেশী। এছাড়া চলছে বিনোদন ও শিক্ষামূলক সফটওয়্যার। মেলায় নতুন ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

কম্পিউটার মেলা

৮-এর পৃষ্ঠার পর

নতুন নানা সফটওয়্যারের পাশাপাশি হার্ডওয়্যারের মধ্যে নতুন এসেছে সর্বশেষ প্রযুক্তির অত্যাধুনিক প্রিন্টার, কার্টিজ, সাউন্ডকার্ড, স্পিকার, নোটবুক পিসি, মনিটর, মাস্টি ফ্যাংশন মনিটর, ফ্ল্যাট মনিটর, টাচ কম্পিউটার ইত্যাদি। টাচ কম্পিউটারের স্ক্রীনে স্পর্শ করা মাত্রই প্রয়োজনীয় তথ্য ভেসে আসছে। এই কম্পিউটারের মূল্য ২ লাখ টাকা। প্রতিদিন মেলায় গড়ে অর্ধ কোটি টাকার কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী বিক্রি হচ্ছে। মেলায় প্রবেশের জন্য ২০ টাকার টিকিট প্রয়োজন হলেও স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য প্রতিদিন সকাল ১১টা থেকে ২টা পর্যন্ত বিনামূল্যে প্রবেশের ও গাইডের মাধ্যমে সব ঘুরিয়ে দেখার বিশেষ ব্যবস্থা করা হয়েছে। মেলায় প্রবেশের কুপনেও এবার রয়ফেল ড্রয়ের ব্যবস্থা রয়েছে। মেলায় ইন্টারনেট সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠানগুলো দর্শকদের বিপুলভাবে আকৃষ্ট করেছে। অত্যন্ত কম খরচে এখানে ইন্টারনেট সংযোগ দেয়া হচ্ছে। দোতলায় অবস্থিত সাইবার ক্যাফেতে বিনামূল্যে ১৫ মিনিট থেকে সর্বোচ্চ আধা ঘন্টা ব্রাউজিংয়ের সুযোগ দেয়ায় দর্শনার্থীরা লাইন ধরে সেখানে প্রচণ্ড ভিড় জমিয়েছে। মেলায় প্রতিদিনই

সেমিনার, সিম্পোজিয়াম ছাড়াও বিশ্বের বিভিন্ন স্থানের সাথে সরাসরি ভিডিও সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। গতকাল মেলায় ইন্টারনেট বিষয়ক সেমিনার ও আকর্ষণীয় ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। এ ভিডিও কনফারেন্সে অংশ নেন মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অবস্থানরত তথ্য প্রযুক্তিবিদ জাকারিয়া স্বপন ও নিউইয়র্কে অবস্থানরত মুনিম হোসেন রানা এবং মেলা কেন্দ্রে উপস্থিত প্রফেসর ডঃ জামিলুর রেজা চৌধুরী, ডঃ মুহম্মদ জাফর ইকবাল, আবদুল্লাহ ইউসুফ হারুন, মোহাম্মদ সবুর খান ও কম্পিউটার সমিতির কর্মকর্তাবৃন্দ। এসময় প্রচুর দর্শক-শ্রোতা চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের অনুষ্ঠানস্থলে দাঁড়িয়ে এই ভিডিও কনফারেন্সে উপভোগ করেন।